

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৪ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫২-আইন/২০২০।—যেহেতু সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে ০৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২১ মে, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৩৮-আইন/২০১৮ দ্বারা গাজীপুর জেলার কালিয়াকৈর পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিয়াছে;

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (গ) এ প্রদত্ত ক্ষমতাবলে কালিয়াকৈর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাসমূহকে কালিয়াকৈর পৌরসভার পৌর এলাকার অন্তর্ভুক্ত করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে এল নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	শ্রীফলতলী	কালিয়াকৈর	৫৪	০১-৬৪৮, ১৪১৩, ১৪২৩

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৬৪৯)

মূল্য : টাকা ৪.০০